গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১৫০.৭১.০০১.২২.৪৪০

তারিখ: ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

**বিষয়: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | গোলাম মোঃ হাসিবুল আলম<br>সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২১ ডিসেম্বর ২০২২, সকাল ১১:৩০ টা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২. উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ ভিডিও কনফারেন্সের মাধ্যমে তাঁদের পরিচয় প্রদান করেন। প্রারম্ভিক বক্তব্যে সভাপতি বলেন, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা যায়। এর ফলে সার্বিক নাগরিক সেবা নিশ্চিত করা যাবে। এ ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য সকল কর্মকর্তা এবং দপ্তর/সংস্থার প্রতি আহ্বান জানান। তিনি এ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনা যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

৩. অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ সম্পর্কে সভাকে অবহিত করেন। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকারের নির্দেশনার বাস্তবায়নে অন্যতম পদক্ষেপ হচ্ছে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে এটি নিশ্চিতকরণে সংশ্লিষ্টদের এই কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে। সেই সাথে এই পরিকল্পনা বাস্তবায়নে সকলকে আন্তরিক ও সচেষ্ট হতে হবে। কর্মকর্তা/স্টেকহোল্ডারগণ তাঁর বক্তব্যে একমত পোষণ করেন। এ পর্যায়ে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপন করেন।

৪. সভায় অবহিত করা হয় যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। মন্ত্রণালয়ের শুদ্ধাচার সংক্রান্ত ২০২২-২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা কর্মসূচী যেমন, নৈতিকতা কমিটির সভা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ , কর্ম পরিবেশ উন্নয়ন, বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজনসহ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম অব্যাহত রাখা ইত্যাদি বিষয়ে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে। মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার প্রণয়ন করে তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তথ্য অধিকার আইনের আওতায় চাহিত তথ্যাদি প্রদান করা হয়েছে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার আওতায় বিভিন্ন অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। সার্বিক কার্যক্রমে সভাপতি সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উল্লেখ করে বলেন, সরকার সোনার বাংলা গড়ার একটি মহৎ প্রত্যয় নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে এবং নিজ নিজ দায়িত্ব সততার সাথে পালনের জন্য সকলকে আহ্বান জানানো হয়। উক্ত বক্তব্যের উপর সবাই একমত পোষণ করেন।

৫. বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিতকরণের জন্য মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থা পর্যায়ে পরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে;

খ. সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করতে হবে;

গ. তথ্য অধিকার আইনের আওতায় চাহিত তথ্য যথাসময়ে প্রদান করতে হবে;

ঘ) অভিযোগ ব্যবস্থাপনার আওতায় অভিযোগসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তি করতে হবে।

৬. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১২/২০২২

গোলাম মোঃ হাসিবুল আলম
সিনিয়র সচিব
এবং সভাপতি
নৈতিকতা কমিটি, প্রতিরক্ষা মন্ত্রণালয়

-১৫৮-

নম্বর ২৩.০০.০০০০.১৫০.৭১.০০১.২২.৪৪০

তারিখ: ১১ পৌষ ১৪২৯
২৮ ডিসেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)
২। সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩। পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
৪। বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
৬। কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
৭। সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
৮। মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৯। কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
১০। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
১১। মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা
১২। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা
১৩। কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা
১৪। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৫। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৬। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
১৭। সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা
১৮। সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
১৯। পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
২০। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২১। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
২২। প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
২৩। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২৪। অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর
২৫। পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
২৬। পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা
২৭। যুগ্মসচিব (সকল), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২৮। উপসচিব (সকল), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা

অনুলিপি:

১। সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অধিশাখা-৬)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি

২৮/১২/২২

মোঃ আবু আব্দুল্লাহ্
যুগ্মসচিব
এবং ফোকাল পয়েন্ট নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়